

ভারত-বাংলাদেশ তৃতীয় যৌথ পরামর্শমূলক কমিশনের বৈঠক

ভারত-বাংলাদেশ যৌথ পরামর্শমূলক কমিশনের(জেসিসি) তৃতীয় বৈঠক ২০ সেপ্টেম্বর ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হবে। এই বৈঠকের যৌথ পৌরোহিত্য করবেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী এবং বাংলাদেশের বিদেশমন্ত্রী। বাংলাদেশের সম্মানীয় বিদেশমন্ত্রী মিঃ আবুল হাসান মাহমুদ আলি এই বৈঠকের জন্য একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন।

২০১১সালের সেপ্টেম্বর মাসে প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর বাংলাদেশ সফরের সময়ে যে উন্নয়নের বিষয়ে কাঠামোগত সহযোগিতার চুক্তি স্বাক্ষরিত হয়, তারই অন্তর্গত জেসিসি গঠিত হয়। জেসিসির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয় নয়াদিল্লিতে। ২০১২ সালের মে মাসে এই বৈঠক হয়। ২০১৩ সালের ফেব্রুয়ারি মাসে ঢাকায় দ্বিতীয় বৈঠক অনুষ্ঠিত হয়।

জেসিসির আসন্ন বৈঠকে দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন ক্ষেত্রের উদ্যোগগুলির প্রগতির পর্যালোচনা করা হবে। দ্বিপাক্ষিক অংশীদারির অগ্রাধিকারের ক্ষেত্রগুলি চিহ্নিত করা হবে এবং এই দ্বিপাক্ষিক সম্পর্কের ভবিষ্যত প্রগতির জন্য নির্দেশিকা দেওয়া হবে।

ভারতে থাকাকালীন বিদেশমন্ত্রী সম্মানীয় ভারতের রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর সংগে সাক্ষাৎ করবেন। এছাড়া তিনি ভারতের মন্ত্রিসভার বিভিন্ন সদস্যদের সংগে পৃথক বৈঠক করবেন।

নয়াদিল্লি

১৫ সেপ্টেম্বর ২০১৪